



## তফসিল ঘোষণার সঙ্গে সঙ্গেই দেশে ফিরবেন তারেক রহমান: বিএনপি পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা



সংগৃহীত ছবি

নির্বাচনের তফসিল ঘোষণা হলেই দেশে ফিরবেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল(বিএনপি) এর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির।

তিনি জানান, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে একাধিক আসন থেকে প্রার্থী হওয়ার সম্ভাবনা রয়েছে তারেক রহমানের। নির্বাচনে জয়ী হলে এই প্রথমবারের মতো সংসদ সদস্য হিসেবে জাতীয় সংসদে প্রবেশ করবেন বিএনপির এই শীর্ষ নেতা।

২০০৭ সালের এক-এগারোর সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের আমলে গ্রেপ্তার হন তৎকালীন বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমান। ২০০৮ সালে জামিনে মুক্তি পাওয়ার পর তাকে দেশ ছাড়তে বাধ্য করা হয়। এরপর তিনি যুক্তরাজ্যে পাড়ি জমান এবং সেখানে দীর্ঘ ১৭ বছর ধরে নির্বাসিত জীবন কাটাচ্ছেন।

সম্প্রতি ৫ আগস্টের গণঅভ্যুত্থান দিবসকে ঘিরে রাজনীতিতে নতুন করে সরব হন তারেক রহমান। হুমায়ুন কবির জানান, এক-এগারো ও আওয়ামী লীগ সরকারের সময়ে দায়ের হওয়া সব মামলায় তারেক রহমান ইতোমধ্যেই খালাস পেয়েছেন। ফলে দেশে ফিরতে তার আর কোনো আইনগত বাধা নেই। তিনি বলেন, “নির্বাচনের তফসিল ঘোষণার সঙ্গে সঙ্গেই তারেক রহমান দেশে ফিরবেন।”

এদিকে আলোচনায় রয়েছেন তার স্ত্রী ডা. জুবাইদা রহমানও। সম্প্রতি তিনি শাওড়ি ও বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার সঙ্গে বাংলাদেশ সফর করেছেন। যদিও সরাসরি রাজনীতিতে অংশগ্রহণের বিষয়ে কোনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি, তবে হুমায়ুন কবির জানান, তিনি দেশের মানুষের সঙ্গে থেকেই কাজ করতে চান